

তারিখঃ ৩১ ভাদ্র ১৪২৭ বঙ্গাব্দ  
১৫ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০.৮৫২

ব্যবস্থাপনা পরিচালক  
রাকিন ডেভেলপমেন্ট কোম্পানী (বিডি) লিঃ  
বিজয় রাকিন সিটি  
প্লট-১/২, ব্লক-ডি, সেকশন-১৫  
মিরপুর, ঢাকা। ফোন-০১৭০৮-৪৬৯৬৫৯।

QF-PRJ-06

### বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।

সূত্রঃ (১) আবেদন নং- ৫৭১৩ (কাফরুল), এসই(পিএন্ডডি)- ৭৪৪, তাং-০২/০৯/২০২০ খ্রিঃ।  
(২) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০.৮৪০, তাং-১৩/০৯/২০২০ খ্রিঃ।  
(৩) ১৪/০৯/২০২০ তারিখের পে-অর্ডার নং- ২০০৮৭৮৩ (এসআইবিএল), টাকা = ৩,৩৬,০০০/-

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'বিজয় রাকিন সিটি', প্লট-১/২, ব্লক-ডি, সেকশন-১৫, মিরপুর, ঢাকা, প্রকল্পের অভ্যন্তরে ০৭(সাত) টি ভবনের (এ-২, এ-৪, এ-৫, এ-৬, এ-৭, এ-৮ এবং এ-৯) প্রতিটিতে বিদ্যমান ২০০ কিঃওঃ লোডের অতিরিক্ত ৮০০ কিঃওঃ লোড বৃদ্ধি করে সর্বমোট  $(২০০+৮০০) \times ৭ = ৭০০০$  (সাত হাজার) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে ডিসেম্বর-২০২০খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলোঃ-

### শর্তসমূহঃ

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কিমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৫০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (কাফরুল) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কিমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৮। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৯। বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কোন কারণে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র নিশ্চয়তা বিধান করে না।
- ১০। সংযোগ গ্রহণকালীন সময়ে সংশ্লিষ্ট ১১ কেভি ফিডার ও ৩৩ কেভি সোর্সের লোড সংকুলান সাপেক্ষে বর্ণিত পরিমাণ লোডের সংযোগ প্রদান করা হবে।
- ১১। ডিপোজিট স্কিমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility DESCO'র সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ১২। RMU হতে প্রতিটি ভবনের সংযোগ (সার্ভিস ড্রপ) আপনাদরেকে নিজস্ব ব্যবস্থাপনায় সম্পন্ন করতে হবে। রাকিন সিটির অভ্যন্তরে ভূ-গর্ভস্থ বৈদ্যুতিক লাইন ও অবকাঠামো ডেসকো'র উন্নয়ন ও প্রকল্প বিভাগ এবং কাফরুল বিওবি বিভাগের সাথে সমন্বয় পূর্বক হস্তান্তর করতে হবে।
- ১৩। উক্ত ছাড়পত্র ডিসেম্বর-২০২০খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

✓  
# (প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।  
15.09.2020

### অনুলিপি (সদয় অবগতির জন্য) :

- ১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন, ওয়েস্ট জোন-১।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (কাফরুল)।
- ৪। অফিস কপি।